# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫২৬

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ একজন বক্তির সৎকর্মপরায়ন হওয়ার আলামত

## ذِكْرُ الْعَلَامَةِ الَّتِي يَسْتَدِلُّ الْمَرْءُ بِهَا عَلَى إحسانه

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ أَحْمَدَ بْنِ أَبِي عَوْنٍ قَالَ: حَدَّثَنَا أَبُو قُدَيْدٍ عُبَيْدُ اللَّهِ بْنُ فَضَالَةَ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ عَنْ مَعْمَرٍ عَنْ مَنْصُورٍ عَنْ أَبِي وَائِلٍ عَنْ عَبْدِ اللَّهِ قَالَ: قَالَ رَجُلٌ: يَا رَسُولَ اللَّهِ مَتَى أَكُونُ مُحْسِنًا؟ قَالَ: (إِذَا قَالَ جِيرَانُكَ: أَنْتَ محسنٌ فَأَنْتَ مُحْسِنٌ وَإِذَا قَالُوا: إِنَّكَ مسيء فأنت مسيء.)

الراوي : عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 526 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৫২৬. আব্দুল্লাহ বিন মাস‘উদ রাদ্বিয়াল্লাহু ‘আনহুম থেকে বর্ণিত, তিনি বলেন, এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলেন: “হে আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি কখন মুহসিন তথা সৎ কর্মপরায়ন হিসেবে গণ্য হবো?” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “যখন তোমার প্রতিবেশী বলবে যে, তুমি সৎ কর্মপরায়ন, তবে তুমি একজন সৎ কর্মপরায়ন। আর যখন তারা বলবে যে, তুমি মন্দ কর্মসম্পাদনকারী, তবে তুমি একজন মন্দ কর্মসম্পাদনকারীই বটে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/৪০২; ইবনু মাজাহ: ৪২২৩; তাবারানী, আল কাবীর: ১০৪৩৩; সুনান বাইহাকী: ১০/১২৫; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৪৯০; মাজমা‘উয যাওয়াইদ: ১০/২১৭।

হাদীসটিকে আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা

নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৩২৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88990

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন